

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কামারখন্দ, সিরাজগঞ্জ।
kamarkhand.sirajganj



স্মারকনং-০৫.৪৩.৮৮৪৪.০০২.৩৫.০০৮.২০২৪- ২৬২৭

তারিখ: ১৮/১০/২০২৬ খ্রিঃ।

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন বন বিভাগের সরকারি নার্সারির অভ্যন্তরে অবস্থিত ঝড়ে পড়া ০২টি মেহগনি, ০১টি ইউক্যালিপটাস ও ০২টি বকাইনসহ মোট ০৫ (পাঁচ)টি গাছ আগামী ০৪-১১-২০২৬ খ্রি: তারিখ রোজ বুধবার সকাল-১১:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সভাকক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে সর্বোচ্চ ডাককারীর নিকট বিক্রয় করা হবে।

শর্তাবলীঃ

- ০১) অনুমোদিত ডাককারীকে ডাকের উপর সরকার কর্তৃক নির্ধারিত ১৫% হারে ভ্যাট ও ১০% হারে আয়কর প্রদান করতে হবে;
- ০২) অনুমোদিত ডাককারীকে উক্ত গাছ পত্র প্রদানের তারিখ হতে ০৩ (তিন) দিনের মধ্যে নিজ খরচে অপসারণ করতে হবে;
- ০৩) ডাকে অংশগ্রহণকারীকে ডাকের পূর্বে ভিত্তি মূল্য ৫৫,৪৭৯/- টাকার উপর ৩০% হিসাবে নগদ ১৬,৬৫০/- (ষোল হাজার ছয়শত পঞ্চাশ) টাকা ডাক টেবিলে জামানত হিসাবে জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে হবে;
- ০৪) নিলাম ডাক বাতিল বা স্থগিত করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
- ০৫) সর্বোচ্চ ডাককারীকে নিলামের সমুদয় অর্থ অনুমতিপত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নির্ধারিত কোডে জমা প্রদান করে জমা রশিদের মূল কপি জমা দিতে হবে।

(ড. বিপাশা হোসাইন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন বিভিন্ন স্থানে
অবস্থিত মরা, ঝড়ে উপড়ে এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ
বিক্রয় কমিটি, কামারখন্দ, সিরাজগঞ্জ।

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। প্রশাসক, উপজেলা পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ৩। উপজেলা.....কর্মকর্তা, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ৪। প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, ভদ্রঘাট/ঝাএল/জামতৈল/রায়দৌলতপুর ইউপি, কামারখন্দ, সিরাজগঞ্জ। [তাকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে, ইউনিয়ন ও ওয়ার্ডে গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে এবং হাট-বাজারে লটকানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। উপজেলা আইসিটি অফিসার, কামারখন্দ, সিরাজগঞ্জ। [তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা তথ্য বাতায়ন ও সকল ইউনিয়ন তথ্য বাতায়নে/ওয়েব সাইডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।]
- ৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ভদ্রঘাট/ঝাএল/জামতৈল ইউনিয়ন ভূমি অফিস, কামারখন্দ, সিরাজগঞ্জ। [তাকে বিজ্ঞপ্তিটি হাটবাজার ও জনগুরুত্বপূর্ণ এলাকায় বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]
- ৭। সভাপতি/সম্পাদক, উপজেলা প্রেসক্লাব, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ৮। জনাব.....
- ৯। নোটিশ বোর্ড।